# এসএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**ইসলাম ও নৈতিক শিক্ষা** বিষয় কোড : ১ ১ ১

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** মান — ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ রেখা তার বান্ধবী সালমাকে বলল, তুমি নামায পড় আবার অশ্লীল পোশাক পরে মার্কেটে যাও, মাঝে মধ্যে নাইট ক্লাবে আসর জমাও, এটি ঠিক নয়। সালমা প্রত্যুত্তরে বলল, ইসলামের ইবাদত বন্দেগির বিষয়টি ভালো, কিন্তু আমার কাছে পাশ্চাত্যের কৃষ্টি কালচার চমৎকার লাগে। তাই আমি উভয়টি সমন্বয় করে চলি। রেখা বলল, তোমার ধারণা সঠিক নয়। ইসলামই একমাত্র পরিপূর্ণ জীবন ব্যবস্থা।

ক. ইমানের মূল বিষয় কয়টি? ১

খ. ইমান ও ইসলামের সম্পর্ক নির্ণয় কর। ২

গ. রেখার দাবি কুরআনের আলোকে প্রমাণ কর। ৩

ঘ. সালমার বক্তব্য গ্রহণযোগ্য নয় কেন? তোমার অভিমত ব্যক্ত কর। ৪

২.▶ আশরাফ ও সায়েম দুই বন্ধু শাফায়াত সম্পর্কে আলোচনা করছিল। আশরাফ বলল, শাফায়াত ছাড়া কেউ জান্নাতে যেতে পারবে না। সায়েম বলল, শাফায়াত নয়, আমল ছাড়া কেউ জান্নাতে যাবে না। আশরাফ বলল, শাফায়াত অস্বীকার করার অর্থ রিসালাতে বিশ্বাসের অপূর্ণতা।

ক. সিরাত অর্থ কী? ১

খ. নবি-রাসুল প্রেরণের উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ. শাফায়াত বিষয়ে সায়েমের বক্তব্য গ্রহণযোগ্য নয় কেন? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত আশরাফের সর্বশেষ উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৩.▶ রসুলপুর গ্রামের এক অমুসলিম যুবক 'সাজেদ' নাম ধারণ করে ইসলাম গ্রহণ করলো। সে তার পিতা মাতা, ভাই বোন ও আত্মীয় স্বজনকে ইসলাম গ্রহণের আহ্বান জানায়। কিন্তু তারা, তার কথা শুনল না, বরং শারীরিক ও মানসিকভাবে চরম নির্যাতন করল। সাজেদ তাদের উদ্দেশ্যে বলল, সুন্দর আকৃতি ধারণ করে আল্লাহদ্রোহী কাজে লিপ্ত হয়ো না। এর পরিণাম হবে ভয়াবহ।

ক. সূরা আশ শামস কোথায় অবতীর্ণ হয়? ১

খ. 'নিশ্চয়ই কষ্টের সাথে স্বস্তি রয়েছে' বাণীটির মর্মকথা বুঝিয়ে লেখ। ২

গ. সূরা আল ইনশিরাহ এর আলোকে সাজেদের কর্মফল বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে সূরা আততীনের বিষয়বস্তু আলোচনা কর। ৪

http://teachingbd.com

৪.▶ জনাব আসলাম চৌধুরী আসন্ন উপজেলা চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বিতা করবেন। এ উদ্দেশ্যে তিনি বন্যা কবলিত এলাকার ভোটারদের প্রভাবিত করার জন্য ত্রাণসামগ্রী বিতরণ করলেন। অপরদিকে, মাওলানা হাফিজুর রহমান সাহেব সুখে দুঃখে সর্বাবস্থায় নিষ্ঠার সাথে সকল ধর্মীয় কাজ পালন করেন। কিন্তু বিপদাপদ তার নিত্যসঙ্গী। সমালোচকেরা তার বিরুদ্ধে কটুক্তি করে। তারা বলে, তিনি যদি আল্লাহর প্রিয় বান্দা হন, তাহলে তার এত বালা মুসিবত কেন? স্থানীয় মসজিদের ইমাম সাহেব নিন্দুকদের উদ্দেশ্যে বললেন, সুখে-দুঃখে, আনন্দ-বেদনায় কোন অবস্থাতেই মুমিনের ক্ষতি নেই। সর্বাবস্থায় তাদের জন্য রয়েছে পুণ্য।

ক. বুখারী শরীফের সর্বপ্রথম হাদিসটি কী? ১

খ. 'পুণ্যের জন্য সৎ নিয়ত আবশ্যক' কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. হাদীসের আলোকে আসলাম চৌধুরীর কর্মফল বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ইমাম সাহেবের উক্তিটির যথার্থতা হাদীসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫.▶ লিয়াকত আলী সাহেব সর্বদা নিজ এলাকার জনসেবায় ব্যস্ত থাকেন। সবার বিপদাপদে তিনি যেন এক আশ্রয়স্থল। কিন্তু তিনি নামায রোযার ব্যাপারে সম্পূর্ণ উদাসীন। অপরদিকে, কারামত আলী সাহেব নামায-রোযা, দুআ যিকর নিয়েই ব্যস্ত। গরিব দুঃখী কোন প্রতিবেশীরই খবর রাখেন না। প্রিন্সিপাল আশরাফ আলী সাহেব বললেন, তাদের কেহই প্রকৃত ঈমানদার নয়।

ক. মানব সৃষ্টির উদ্দেশ্য কী? ১

খ. ইবাদত বলতে কী বোঝ? ২

গ. লিয়াকত আলী সাহেব প্রকৃত ঈমানদার নয় কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. শরীআতের আলোকে জনাব কারামত আলী সাহেবের কর্মকাণ্ড বিশ্লেষণ কর। ৪

৬.▶ মিসেস শেফালি খানম খান্দানী পরিবারের একজন গৃহকর্ত্রী। তিনি তার গৃহপরিচারিকা রূপালীর ওপর কারণে অকারণে নির্যাতন করেন। প্রায় প্রতিদিনই রূপালীর আর্তচিৎকার নিকটতম প্রতিবেশীরা শুনতে পায়। প্রতিবেশী আফজাল সাহেব বললেন, গৃহকর্ত্রী যদি নবীজির বিদায় হাজ্জের ভাষণ থেকে শিক্ষাগ্রহণ করতেন, তাহলে এমন আচরণ কখনই করতেন না।

ক. জাতি গঠনের মূল কারিগর কে? ১

খ. সন্ত্রাসবাদ বলতে কী বোঝ? ২

গ. গৃহকর্ত্রী শেফালি খানমের আচরণ ইসলামের আলোকে ব্যাখ্যা কর। ৩

Teachingbd.com

ঘ. প্রতিবেশী আফজাল সাহেবের বক্তব্যের যথার্থতা বিদায় হাজ্জের ভাষণের আলোকে মূল্যায়ন কর। ৪

**৭.▶** জামিল সাহেব একজন অসৎ ব্যবসায়ী। বিভিন্ন পণ্যে ভেজাল দেয়া তার অভ্যাস। ভেজালবিরোধী ভ্রাম্যমাণ আদালত মোটা অংকের জরিমানা ও দোকান সীলগালা করল। অপরদিকে, শিহাব তার কোন প্রতিবেশীর শুভ সংবাদ শুনতে পেলে কাতর হয় এবং কষ্ট অনুভব করে।

ক. মহাসত্যবাদীকে আরবিতে কী বলে? ১

খ. মিথ্যা বর্জনীয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. কোন সৎগুণের অভাবে জামিল পণ্যে ভেজাল দেয়, বর্ণনা কর। ৩

ঘ. শরীআতের আলোকে শিহাবের পরিণাম মূল্যায়ন কর। ৪

**৮.▶** এম, পি পদপ্রার্থী জুলহাস সাহেব ভোটারদের উদ্দেশ্যে বললেন, আমি নির্বাচিত হলে আমার সংসদীয় এলাকার প্রতিটি ঘরে ঘরে গ্যাসের সংযোগ দেব। নির্বাচনে তিনি বিজয়ী হলেন, কিন্তু তিনি তার প্রতিশ্রুতির কথা বেমালুম ভুলে গেলেন। জনাব সেলিম সাহেবের মাস্টার্স ডিগ্রিধারী ছেলে বরকত উল্লাহ শুয়ে বসে থাকে, খায় আর বন্ধু মহলে আড্ডা দেয়।

ক. আত্মশুদ্ধি অর্থ কী? ১

খ. মিতব্যয়িতা বলতে কী বোঝ? ২

গ. ওয়াদা ভঙ্গকারী হিসেবে জুলহাস সাহেবের পরিণতি বর্ণনা কর। ৩

ঘ. শরীআতের দৃষ্টিতে বরকতউল্লাহর কর্মবিমুখতার ফলাফল আলোচনা কর। ৪

**৯.▶** বিশ্ব শান্তিদূত হযরত মুহাম্মদ (স) প্রায় দশ হাজার মুসলিম বাহিনী নিয়ে একটি নগরীর অদূরে তাঁবু স্থাপন করলেন। কুরাইশরা মুসলিমদের এই বাহিনী দেখে ভীত সন্ত্রস্ত হলো। তারা কোন প্রকার বাধা দেয়ার সাহস পেল না। বিনা রক্তপাতে রাসূল (স) ও তার বাহিনী ঐ পবিত্র নগরী জয় করলেন। এ সময় তিনি ইসলামের অনেক শত্রুকে হাতের নাগালে পেয়েও ক্ষমা করে দিয়েছিলেন। জীবন সায়াহ্নে তিনি লক্ষাধিক সাহাবির উদ্দেশ্যে এক মর্মস্পর্শী ভাষণ প্রদান করেছিলেন।

ক. আসসাবউল মুআল্লাকাত কী? ১

খ. "মহানবী (স) জ্ঞানের শহর আর আলি হলেন তার দরজা" বাক্যটির মর্ম বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে কোন পবিত্র নগরী জয়ের কথা বলা হয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. দশম হিজরীতে রাসূল (স) তার ভক্তদের উদ্দেশ্যে যে ঐতিহাসিক ভাষণ দিয়েছিলেন, তা মূল্যায়ন কর। ৪

Teachingbd.com

# ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড : | ১ | ১ | ১ |

সময় — ৪০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান — ৪০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. পবিত্র কুরআনে রুকু কয়টি?
ⓚ ৫৫০ ⓚh ৫৫৭
ⓖ ৫৫৮ ⓖh ৫৬০

২. আল বুরহান শব্দের অর্থ কী?
ⓚ ইতিহাস ⓚh জ্ঞান
ⓖ সুস্পষ্ট প্রমাণ ⓖh কুরআন

৩. কোন সাহাবি প্রধান ওহি লেখক ছিলেন?
ⓚ হযরত আবু বকর (রা) ⓚh হযরত উমর (রা)
ⓖ হযরত উসমান (রা) ⓖh হযরত যায়িদ ইবনে সাবিত (রা)

৪. সহিফা কত জন নবির ওপর নাযিল হয়েছে?
ⓚ ১০০ ⓚh ৪
ⓖ ১০৪ ⓖh ৮

৫. কোন সূরার শেষ ভাগে ছামুদ সম্প্রসারণের কথা বলা হয়েছে?
ⓚ সূরা আদ-দুহা ⓚh সূরা আশ-শামস
ⓖ সূরা আল-ইনশিরাহ ⓖh সূরা আত্-তীন

৬. মাওকুফ হাদিসের সনদ কোন পর্যন্ত পৌছে শেষ হয়ে গেছে?
ⓚ রাসুলুল্লাহ (স) ⓚh সাহাবি
ⓖ তাবিঈ ⓖh আল্লাহ

৭. হাদিস সংকলনের স্বর্ণযুগ ছিল—
ⓚ হিজরি ৭ম শতক ⓚh হিজরি ৩য় শতক
ⓖ হিজরি ৮ম শতক ⓖh হিজরি ৯ম শতক

৮. ফরজ কত প্রকার?
ⓚ ১৭ ⓚh ৫
ⓖ ২ ⓖh ৩

৯. মানুষের প্রতি মানুষের হক বা অধিকারকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে?
ⓚ ৬টি ⓚh ৪টি
ⓖ ৫টি ⓖh ৮টি

১০. সাওম এর ফার্সি প্রতিশব্দ কোনটি?
ⓚ বিরত থাকা ⓚh রোযা
ⓖ নামাজ ⓖh তাকওয়া

১১. মুযদালিফায় পড়বে—
i. মাগরিব
ii. এশা
iii. যোহর ও আসর
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i
ⓖ iii ⓖh ii

১২. আর হিংসুকের অনিষ্ট থেকে পানাহ চাই যখন সে হিংসা করে— কোন সুরার অন্তর্গত?
ⓚ সূরা আন-নাস ⓚh সূরা লাহাব
ⓖ সূরা আল-ফালাক ⓖh সূরা ফীল

১৩. "হিংসার প্রতিশব্দ হলো—
ⓚ ফিতনা ⓚh হাসাদ
ⓖ গিবত ⓖh কাযিব

১৪. সুদ কোন ভাষার শব্দ?
ⓚ আরবি ⓚh হিন্দি
ⓖ ফার্সি ⓖh উর্দু

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।

অনিক সাহেব ব্যাংকের ম্যানেজার। তিনি অতিরিক্ত টাকার বিনিময়ে কৃষিঋণ বিতরণ করেন।

১৫. অনিক সাহেবের এ কাজটি ইসলামের দৃষ্টিতে—
ⓚ বিদআত ⓚh হারাম
ⓖ মাকরূহ ⓖh মুবাহ

১৬. অনিক সাহেবের অতিরিক্ত টাকা গ্রহণ—
i. সুদ
ii. ঘুষ
iii. হারাম গ্রহণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚh i ও ii
ⓖ iii ⓖh ii ও iii

১৭. তোমার ইসলাম ও নৈতিক শিক্ষা বইয়ে মদিনা সনদের প্রধান কয়টি ধারা উল্লেখ রয়েছে?
ⓚ ৪৭টি ⓚh ১৪টি
ⓖ ১৫টি ⓖh ১২টি

১৮. "তাদের ধর্ম তাদের জন্য আর আমার জন্য আমার ধর্ম" কোন সূরায় বলা হয়েছে?
ⓚ সূরা আল-ইমরান ⓚh সূরা ইখলাস
ⓖ সূরা আল-ফালাক ⓖh সূরা আল-কাফিরুন

১৯. হাদিসে জীবিকা অর্জনের কাজকে বলা হয়েছে—
ⓚ নফল ⓚh সুন্নত
ⓖ ফরজ ⓖh ওয়াজিব

২০. জাতীয় উন্নয়নের জন্য প্রয়োজন—
i. স্ব দেশপ্রেম
ii. সুশাসন প্রতিষ্ঠা
iii. সামাজিক স্থিতিশীলতা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

Teachingbd.com

http://teachingbd.com

২১. 'আত্মশুদ্ধির আরবি পরিভাষা কী?
i. তাযকিয়াতুন নাফস
ii. তাযকিয়াহ
iii. তাযকিয়াতিল কালব
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২২. হযরত আবু বকর (রা) কিসের ব্যবসা করতেন?
ক) স্বর্ণের খ) খেজুরের
গ) কাগজের ঘ) কাপড়ের

উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।
ইসলামে জ্ঞান-বিজ্ঞানের চর্চা প্রতি সর্বাধিক গুরুত্বারোপ করা হয়েছে। আল-কুরআনের প্রথম বাণীই হলো— "পড় (জ্ঞান আহরণ কর)"।

২৩. জ্ঞান-বিজ্ঞানের সর্বোচ্চ চূড়া কোনটি?
ক) দারুল আরকাম খ) আল কুরআন
গ) বায়তুল হিকমাহ ঘ) কোনোটিই নয়

২৪. "কানুন ফিতব্বি" গ্রন্থটিকে চিকিৎসা শাস্ত্রের বাইবেল বলার কারণ—
i. গ্রন্থটির পর্যায়ের কোনো গ্রন্থ আজ পর্যন্ত দেখা যায় না
ii. চিকিৎসা সম্বন্ধীয় যাবতীয় তথ্যের সমাবেশ রয়েছে
iii. ধর্মীয় বিধানের উল্লেখ রয়েছে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. "অন্যায় যুদ্ধ কোন যুদ্ধকে বলা হয়েছে?
ক) বদর খ) তাবুক
গ) হারবুল ফিজার ঘ) উহুদ

২৬. হযরত উমর (রা) নবুয়তের কত বছরে ইসলাম গ্রহণ করেন?
ক) ১০ম বছর খ) ষষ্ঠ বছরে
গ) ৭ম বছরে ঘ) ৮ম বছরে

২৭. হযরত উমর (রা) সেনাবাহিনীকে সুশৃঙ্খল করার জন্য কয় মাস পর পর ছুটির ব্যবস্থা করেন।
ক) দুই মাস খ) তিন মাস
গ) চার মাস ঘ) ছয় মাস

২৮. কোন খলিফাকে যুননুরাইন বলা হয়?
ক) হযরত আবু বকর (রা) খ) হযরত উমর (রা)
গ) হযরত উসমান (রা) ঘ) হযরত আলি (রা)

২৯. তাবুক যুদ্ধে কত জন সৈন্যের ব্যয়ভার হযরত উসমান (রা) একাই বহন করেন?
ক) ১০,০০০ খ) ১২,০০০
গ) ১৫,০০০ ঘ) ৩০,০০০

৩০. "বায়তুল হিকমাহ কিসের নাম?
ক) ইবাদত খানা খ) বিজ্ঞানাগার
গ) গবেষণাগার ঘ) পরামর্শসভা

৩১. "কামুস" দুর্গটি কোথায় অবস্থিত?
ক) হেজাজে খ) কুফায়
গ) তায়েফে ঘ) খাইবারে

৩২. হুদায়বিয়ার সন্ধিপত্রের লেখক কে ছিলেন?
ক) হযরত উমর (রা) খ) উসমান (রা)
গ) হযরত আলী (রা) ঘ) হযরত যাবাইর (রা)

৩৩. 'সুফ্ফা' নামক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীর সংখ্যা কত ছিল?
ক) ৫০ জন খ) ৭০ জন
গ) ১৫ জন ঘ) ২০ জন

৩৪. গণিত শাস্ত্রের জনক বলা হয়—
ক) উমর খৈয়ামকে
খ) আল রাযিকে
গ) মুসা আল খাওয়ারেযমিকে
ঘ) হাসান ইবনে হাইসামকে

৩৫. মাধ্যাকর্ষণ শক্তির প্রথম আবিষ্কারক—
ক) আল বিরুণী
খ) হাসান ইবনে হাইসাম
গ) আলি তাবারি
ঘ) স্যার আইজ্যাক নিউটন

৩৬. 'কিতাবুল মানাযির' গ্রন্থখানি কোন বিষয়ের উপর রচিত?
ক) রসায়ন খ) চিকিৎসা
গ) দৃষ্টি বিজ্ঞান ঘ) গণিত

৩৭. বুখারি শরিফের হাদিস সংখ্যা কত?
ক) ৭৩৭৫ খ) ৭২৭৫
গ) ৭৩৭৬ ঘ) ৭২৬৫

৩৮. মুসলমানগণ বিজ্ঞানের কোন শাখায় বিশেষ অবদান রেখে গেছেন?
ক) পদার্থ খ) জীববিজ্ঞান
গ) রসায়ন ঘ) দৃষ্টিবিজ্ঞান

৩৯. কুরআনকে বিপন্ন ও বিলুপ্ত হওয়ার আশঙ্কা থেকে রক্ষা করে আবু বকর (রা) খ্যাতি অর্জন করেছিলেন—
i. জামিউল কুরআন হিসাবে
ii. কুরআন সংকলনকারি হিসাবে
iii. ইসলামের ত্রাণকর্তা হিসাবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪০. 'কুল্লিয়াত' গ্রন্থের রচয়িতা—
ক) আল কিন্দি খ) ইবনে রুশদ
গ) জুননুন মিসরি ঘ) ইবনে সিনা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ গ | ২ গ | ৩ ঘ | ৪ খ | ৫ খ | ৬ খ | ৭ খ | ৮ গ | ৯ ঘ | ১০ খ | ১১ ক | ১২ গ | ১৩ খ | ১৪ গ | ১৫ খ | ১৬ ঘ | ১৭ ঘ | ১৮ ঘ | ১৯ গ | ২০ ঘ |
| | ২১ ক | ২২ ঘ | ২৩ খ | ২৪ ক | ২৫ গ | ২৬ খ | ২৭ গ | ২৮ গ | ২৯ ক | ৩০ গ | ৩১ ঘ | ৩২ গ | ৩৩ খ | ৩৪ গ | ৩৫ খ | ৩৬ গ | ৩৭ খ | ৩৮ গ | ৩৯ গ | ৪০ খ |

Teachingbd.com